কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর ৯৩ তম সভার কার্যবিবরণী

সভাপতি: ড: মো: কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড ।

সভার তারিখ ও সময়: ২৮ নভেম্বর, ২০১৮ সকাল ১১.৩০ টা

সভার স্থান: ১নং সম্মেলন কক্ষ, বিএআরসি, ঢাকা

সভায় উপস্থিতির তালিকা: "পরিশিষ্ট - ক"

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য বিষয় অনুযায়ী কাজ শুরু করার জন্য জনাব মো: খায়রুল বাসার, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী ও সদস্য সচিব, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ডকে অনুরোধ জানান। অত:পর জনাব মো: খায়রুল বাসার উপস্থিত সম্মানিত সদস্যদের শুভেচ্ছা জানিয়ে আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের আহ্বান জানান এবং আলোচ্য বিষয় সভায় উপস্থাপনের জন্য জনাব মো: নাসির উদ্দীন, উপপরিচালক (মান নিয়ন্ত্রণ) কে অনুরোধ জানান।

আলোচ্য বিষয় ১ঃ কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড এর ৯২তম সভার কার্যবিবরণী অনুমোদন ।

কারিগরি কমিটির, জাতীয় বীজ বোর্ডের ৯২ তম সভা ০৬ সেপ্টেম্ব ২০১৮, সকাল ১০.৩০ টায় ড: মো: কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিএআরসি'র ১নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী বীজ প্রত্যয়ন এজেন্সীর ২৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের ২২৪০(২০) সংখ্যক স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যবৃন্দের নিকট বিতরণ করা হয়। এ বিষয়ে অদ্যাবধি কোন লিখিত মতামত পাওয়া যায়নি এবং অদ্যকার সভায় কোন আপত্তি না থাকায় কার্যবিবরণীটি পরিসমর্থনের সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত : কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড এর ৯২ তম সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে পরিসমর্থন করা হলো।

আলোচ্য বিষয় ২ঃ আউশ/২০১৮-১৯ মৌসুমে হাইব্রিড ধানের মূল্যায়ন ফলাফল পর্যালোচনা পূর্বক সিদ্ধান্ত 'গ্রহণ।

আউশ/২০১৮-১৯ মৌসুমে ৫টি বীজ কোম্পানী/প্রতিষ্ঠান হাইব্রিড ট্রায়াল বাস্তবায়নের জন্য ৭টি হাইব্রিড জাতের বীজ জমা/প্রদান করেছে, যা নিম্ন ছকে প্রদর্শন করা হলো।

১ম বর্ষ ৬টি, ২য় বর্ষ ১টি- মোট ৭ টি ।

Sl. No.	Variety Name	Seed Institute/Company	Source Country	Remarks
1	RXEL-27	Mahyco Bangladesh (Pvt) Ltd.	INDIA	1st Year
2	MRP-5732	Mahyco Bangladesh (Pvt) Ltd.	INDIA	1st Year
3	Syngenta S-1203(RH-664+)	Syngenta Bangladesh Ltd.	INDIA	1st Year
4	Winall Hybrid Dhan-7 (Win 806)	Winall Hi-Tech Seed Co. Bangladesh Ltd.	CHINA	1st Year
5	Winall Hybrid Dhan-8 (Win 868)	Winall Hi-Tech Seed Co. Bangladesh Ltd.	CHINA	1st Year
6	BRRI Hybrid Dhan7	Bangladesh Rice Research Institute, Gazipur	BRRI Gazipur	1st Year

Sl. No.	Variety Name	Seed Institute/Company	Source Country	Remarks
1	সুপ্রীম হাইব্রিড হীরা-২২ (SHD-661)	Supreme Seed Company Ltd.	বাংলাদেশ	2nd Year

উক্ত ০৭টি হাইব্রিড জাতের সাথে ১টি চেকজাতসহ মোট ৮টি জাত ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। কোড নং-**H-১২৪৯ থেকে H-১২৫৬=৮টি** জাত বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরী পূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়ন কোড ভিত্তিক ফলাফল Computerized mean performance এর ভিত্তিতে Compilation পূর্বক সভায় উপস্থাপন এবং গোপনীয় কোড নম্বর উন্মুক্ত করা হয়। ব্রিধান ৪৮ কে চেক জাত হিসেবে তুলনা করে **heterosis** হার নির্ণয় করা হয়। একটি মাত্র আউশ হাইব্রিড জাত ২য় বর্ষে মূল্যায়ন করা হয়। বর্তমান নীতিমালা অনুযায়ী প্রস্তাবিত জাতটির ফলন ৩ (তিন) বা তার অধিক অঞ্চলে চেক জাত থেকে অনস্টেশন ও অনফার্মে পৃথকভাবে ২০% এর অধিক না হওয়ায় নিবন্ধনের জন্য সুপারিশ করার যোগ্য হয়নি। এ বিষয়ে ড. মো: আনসার আলী, পরিচালক (প্রশাসন), ব্রি বলেন যে, ব্রি ধান ৪৮ এর ফলনের ভিত্তিতে প্রাস্তাবিত জাতটি শুধুমাত্র ২টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্মে পৃথকভাবে ২০% এর বেশী ফলন হয়েছে। ফলে হাইব্রিড নিবন্ধনের পদ্ধতিমতে নিবন্ধনের জন্য সুপারিশ করার সুযোগ নেই। এ প্রসংগে জনাব মো: মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানী লি: বলেন যে, এখন পর্যন্ত আউশ মৌসুমে কোন হাইব্রিডের জাত নিবন্ধন হয়নি। তাই আউশ মৌসুমের জন্য ২টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্মে পৃথকভাবে ২০% এর বেশী হলে নিবন্ধনের জন্য সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে সভাপতি ড: মো: কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি বলেন যে, প্রস্তাবিত জাতটির ফলন ৩ (তিন) বা তার অধিক অঞ্চলে চেক জাত থেকে অনস্টেশন ও অনফার্মে পৃথকভাবে ২০% এর অধিক না হওয়ায় নিবন্ধনের জন্য সুপারিশ করা যায় না। অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : প্রস্তাবিত সুপ্রীম হাইব্রিড হীরা-২২ (SHD-661) জাতটির ফলন ৩ (তিন) বা ততোধিক অধিক অঞ্চলে চেক জাত থেকে অনস্টেশন ও অনফার্মে পৃথকভাবে ২০% এর অধিক না হওয়ায় নিবন্ধনের জন্য সুপারিশ করা করা হলো না।

আলোচ্য বিষয় ৩ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত ৩টি লাইন/ জার্মপ্লাজম যথা: (১০.২৪৫), CIP10 এবং CIP102 যথাক্রমে "বারি আলু ৮১", "বারি আলু ৮২" ও "বারি আলু ৮৩" জাত হিসেবে ছাড়করণ।

প্রস্তাবিত **বারি আলু ৮১ (১০.২৪৫)**: প্রস্তাবিত লাইনটি নিজস্ব উদ্ভাবিত উচ্চফলনশীল ও প্রতিশ্রুতিশীল জাত হিসেবে প্রমাণিত হয়েছে। বিভিন্ন গুনাগুনের ভিত্তিতে প্রস্তাবিত জাতটিকে খাবার আলু হিসাবে নির্বাচন করা হয়েছে। কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের বর্ণনা মোতাবেক প্রস্তাবিত জাতের গাছ মধ্যম উচ্চতা সম্পন্ন এবং গড়ে ৪/৫ টি কান্ড থাকে। পাতা গাঢ় সবুজ মধ্যশিরায় এন্থোসায়ানিন এর বিস্তৃতি খুবই বেশি। আলু ডিম্বাকৃতি ও মধ্যম আকারের। আলুর রং লাল। আলুর শাসের রং ক্রীম। চোখ মাঝারি গভীর। লাইনটি ২০১৬-১৭ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুরসহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল করা হয়। ট্রায়ালকৃত ৬টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ২৮.৩৯ টন/হে: এবং চেক জাত বারি আলু ২৫ (এসটেরিক্স) ফলন ২৭.১১ টন/হে:। ৬টি স্থানের মধ্যে ৩টি স্থানে জাতটিকে ছাড়করণের পক্ষে মতামত দিয়েছেন এবং ৩টি স্থানে বিপক্ষে মতামত দেয়া হয়েছে। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পরপর দুই বছর ডিইউএস টেস্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেক জাত বারি আলু ২৫ (এসটেরিক্স) থেকে ৭টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

প্রস্তাবিত **বারি আলু ৮২** (CIP10) : প্রস্তাবিত লাইনটি আন্তর্জাতিক আলু গবেষণা কেন্দ্র হতে আনয়নকৃত ক্লোনের মধ্য হতে CIP10 লাইনটি উচ্চফলনশীল, দ্রুতবর্ধনশীল ও ভাইরাস রোগ সহনশীল হিসেবে প্রমানিত হয়েছে। বিভিন্ন গুনাগুনের ভিত্তিতে প্রস্তাবিত জাতটিকে খাবার আলু হিসাবে নির্বাচন করা হয়েছে। কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের বর্ণনা মোতাবেক প্রস্তাবিত জাতের গাছ মধ্যম উচ্চতা সম্পন্ন এবং গড়ে ৪/৬ টি কান্ড থাকে। কান্ড সবুজ এবং এন্থোসায়ানিন এর বিস্তৃতি নেই। পাতা কম ঢেউ খেলানো। ৯০-৯৫ দিনে আলু পরিপক্কতা লাভ করে। আলু খাট ডিম্বাকৃতি। আলুর রং